



স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.২২-৭৫১

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ


### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তীত বোর্ড (বাটীবো) এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও গ্রেড<br>(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|---------|--|-------------|---|
| ০১.     | ড্রাইভার (গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/-                  | ০৪ (চার)টি  | অষ্টম শ্রেণি পাস ও কমপক্ষে ০৩ বৎসরের<br>অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সধারী |

#### আবেদনের শর্তাবলী:

- প্রার্থীদের সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ তীত বোর্ডের ওয়েবসাইট [www.bhb.gov.bd](http://www.bhb.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। উক্ত ওয়েবসাইটে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে। প্রার্থীদেরকে প্রবেশপত্রের ০২ (দুই) কপি যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে ১২ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ও আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রার্থীদের আবেদন ফরম অবশ্যই প্রার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে।
- আবেদনপত্র আগামী ৩০.০১.২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ তীত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে পৌঁছাতে হবে।
- ০৩ ০১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৪ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাজনার সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এবং এ সংক্রান্ত সর্বশেষ প্রকাশিত গেজেট এর সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৫ ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী প্রার্থীদেরকে জেলা পরিষদ থেকে স্থায়ী বাসিন্দার সনদ এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথভাবে কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৬ সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি/ ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
- ০৭ প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্যাদি প্রার্থীদের প্রবেশপত্রের পাশাপাশি বাংলাদেশ তীত বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
- ০৮ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ২০০/- (দুইশত) টাকা চেয়ারম্যান, বাংলাদেশ তীত বোর্ড এর অনুকূলে জমার স্বপক্ষে চালান/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
- ০৯ খামের উপরে পদের নাম এবং বিশেষ কোটার (যদি থাকে) প্রার্থী হলে তা উল্লেখ করতে হবে।
- ১০ আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০"×৪.৫" সাইজের) পাঠাতে হবে। প্রার্থীর ঠিকানাবিহীন ফেরতখাম গ্রহণযোগ্য হবে না।
- ১১ অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১২ লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সংশ্লিষ্ট সনদের মূলকপির সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে:  
(ক) শিক্ষাগত যোগ্যতার সর্কল সনদপত্র; (খ) জাতীয় পরিচয়পত্র; (গ) জন্ম সনদ; (ঘ) হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স; (ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (চ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (ছ) অভিজ্ঞতা সনদপত্র ও প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়ন পত্র।
- ১৩ নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ১৪ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
৩০১২২৪  
পরিচালক (প্রশাসন)

সদস্য সচিব  
নিয়োগ কমিটি

ফোন: ৫৮১৫২৮৯৮

E-mail: [director.admin@bhb.gov.bd](mailto:director.admin@bhb.gov.bd)